# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 01-10-2025** **Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবর –**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশ গঠন ও ক্ষমতায়নের লক্ষে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংগঠন আর এস এস কাজ করে চলেছে। সংঘের শতবার্ষিকী উদযাপন উপলক্ষে একটি স্মারক ডাক টিকিট ও মুদ্রাও প্রকাশ করেছেন তিনি।

২) কেন্দ্রীয় মন্ত্রিসভা, আজ সরকারী কর্মচারী ও পেনশনভোগীদের জন্য আরও তিন শতাংশ মহার্ঘ্যভাতা ঘোষণা করেছে। চলতি বছরের পয়লা জুলাই থেকে এই সিদ্ধান্ত কার্যকর হওয়ায় তাঁরা ৫৮ শতাংশ হারে ডিএ পাবেন।

রাজ্য সরকার, কর্মচারীদের ন্যায্য মহার্ঘ্যভাতা থেকে বঞ্চিত করছে বলে কর্মচারী সংগঠনগুলি অভিযোগ করেছে।

৩) শারদোৎসবের আজ মহানবমী। দুর্গোৎসবের শেষদিনে মণ্ডপে মণ্ডপে সকাল থেকেই দর্শনার্থীদের ভীড় চোখে পড়ার মতো।

৪) পশ্চিম মধ্য বঙ্গোপসাগরের সৃষ্ট নিম্নচাপের প্রভাবে উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী ২ দিন ভারী বৃষ্টির পূর্বাভাষ, হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হবে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে।

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, জন্মলাভের পর থেকেই রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ, RSS দেশভক্তি এবং জনসেবার সমার্থক হয়ে উঠেছে। দেশ ভাগের তীব্র যন্ত্রণার মধ্যেই, স্বয়ংসেবকরা তাদের সীমিত সামর্থ্যের সঙ্গে পীড়িত, বাস্তুচ্যুত মানুষের পাশে দাঁড়িয়েছে বলে তিনি উল্লেখ করেছেন। দেশের অন্তরাত্মাকে শক্তি জোগাতে এই পদক্ষেপ গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। আজ নতুন দিল্লীতে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের শতবার্ষিকী উদযাপন অনুষ্ঠানে যোগ দিয়ে শ্রী মোদী বলেন দেশ গঠন ও ক্ষমতায়নের লক্ষ্যে RSS কাজ করে চলেছে।

বাইট

প্রধানমন্ত্রী এই উপলক্ষে বিশেষভাবে তৈরি একটি স্মারক ডাকটিকিট ও মুদ্রা প্রকাশ করেন। এতে দেশ গঠনে RSS এর গুরুত্বপূর্ণ ভূমিকার বিষয়ে আলোকপাত করা হয়েছে।

আরএসএস সরকার্যবাহ দত্তাত্রেয় হোসবালে বলেন যে দেশের প্রতিটি কোণে আরএসএস-এর কাজ চোখে পড়ার মতো। তিনি বলেন, সমাজ RSS এর বিভিন্ন ধরনের সেবামূলক কাজ সম্পর্কে সচেতন। সংগঠনের স্বেচ্ছাসেবকরা সামাজিক উন্নয়ন, জাতীয় সেবা, নিরাপত্তা ও কল্যাণ সংক্রান্ত নানা কর্মকাণ্ডে সক্রিয়ভাবে যুক্ত রয়েছেন, যা সমাজকে ঐক্যবদ্ধ করতে সহায়তা করছে।

ooooooooooooooooooo

কেন্দ্রীয় মন্ত্রিসভা, আজ সরকারী কর্মচারী ও পেনশনভোগীদের জন্য আরও তিন শতাংশ মহার্ঘ্যভাতা ঘোষণা করেছে। নতুন দিল্লীতে আজ মন্ত্রিসভার বৈঠকের পর, তথ্য ও সম্প্রচারমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ সাংবাদিকদের বলেন, এরফলে উনপঞ্চাশ

লক্ষেরও বেশী কেন্দ্রীয় সরকারী কর্মচারী এবং প্রায় উনসত্তর লক্ষ পেনশনভোগী উপকৃত হবেন।

(বাইট- অশ্বিনী- ডিএ)

এদিকে, কেন্দ্রীয় মন্ত্রিসভা দেশজুড়ে ৫৭-টি নতুন কেন্দ্রীয় বিদ্যালয় খোলার ছাড়পত্র দিয়েছে। এর জন্য খরচ হবে ৫ হজার ৮ শো ৬২ কোটিরও বেশি টাকা। এর ফলে দেশে ৮৭ হাজার শিক্ষার্থী লাভবান হবে এবং তৈরী হবে অতিরিক্ত ৪ হাজার ছ'শো-টি শিক্ষক পদ।

এরফলে আগামী ছ'বছরে সরকারের ১১ হাজার চার শো চল্লিশ কোটি টাকা খরচ হবে। অন্য একটি প্রসঙ্গে মন্ত্রী বলেন, উন্নত বীজ সহ কৃষির পরিকাঠামো উন্নয়নে কেন্দ্রের উদ্যোগে দু'কোটি কৃষিজীবি মানুষ লাভবান হবেন।

উল্লেখ্য, রবিশস্যের ফলনে ন্যুনতম সহায়ক মূল্য, এম এস পি বৃদ্ধির ছাড়পত্র দিয়েছে কেন্দ্রের অর্থনৈতিক বিষয়ক মন্ত্রিসভা কমিটি। এর ফলে, মুসুর ডালের ওপর কুইন্টাল প্রতি তিন শো টাকা এম এস পি বৃদ্ধি পাবে। এছাড়াও, কুসুমবীজেও কুইন্টাল প্রতি ন্যুনতম সহায়ক মূল্য বৃদ্ধি পেয়েছে ছ'শো টাকা।

oooooooooooooooooooo

রাজ্য সরকার, কর্মচারীদের মহার্ঘ্যভাতার ন্যায্য ভাতা থেকে বঞ্চিত করছে বলে কর্মচারী সংগঠন, সংগ্রামী যৌথ মঞ্চ অভিযোগ করেছে। সংগঠনের আহ্বায়ক ভাস্কর ঘোষ আজ বলেন, কেন্দ্রী সরকারী কর্মচারীদের ৩ শতাংশ মহার্ঘ্যভাতা বৃদ্ধির ফলে রাজ্যের সঙ্গে এই ফারাক বেড়ে দাঁড়ালো ৪০ শতাংশে। রাজ্যের বঞ্চনার ফলেই এই পরিস্থিতি বলে তিনি অভিযোগ করেন।

(বাইট – ভাস্কর ঘোষ)

রাজ্য কো-অর্ডিনেশন কমিটিও অবিলম্বে ডিএ পার্থক্য মেটানোর দাবি জানিয়েছে। কমিটির সাধারণ সম্পাদক বিশ্বজিৎ গুপ্ত চৌধুরী আকাশবাণীকে জানিয়েছেন, ডিএ-র এই ফ্যারাকের কারণে ক্ষতিগ্রস্ত হচ্ছেন বহু সরকারী কর্মচারী ও পেনশনভোগী।

ডিএ মেটোনোর দাবিতে সোচ্চার হয়েছে মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি STEA, সংগঠনের সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ বলেন, রাজ্য সরকার কর্মচারীদের সঙ্গে নজিরবিহীন প্রতারণা করে চলেছে। অবিলম্বে অন্তত ১০ শতাংশ মাহার্ঘভাতা ঘোষণর দাবি জানান তিনি।

০০০০০০০০০০০০০০০০০

প্রাথমিকে ১৩ হাজার ৪২১-টি শিক্ষক পদে নিয়োগের সুযোগ দেওয়ার দাবিতে হাইকোর্টের অবকাশকালীন বেঞ্চের দ্বারস্থ হয়েছেন ২০১৭ এবং ২০২২-এর প্রাথমিক টেট পরীক্ষার্থীরা। পুজো মিটলেই নিয়োগ প্রক্রিয়া শুরু হবে বলে জানিয়েছে প্রাথমিক শিক্ষা পর্ষদ। আগামী তেশরা অক্টোবর এই মামলার শুনানি হতে পারে বলে খবর।

০০০০০০০০০০০০০০০০০০

সেবা ও সুশাসন, অর্থাৎ জনসেবা এবং সুশাসনের মন্ত্রে পরিচালিত হয়ে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ ধারাবাহিক - 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি কিভাবে মোদী সরকার সীমানা ছাড়িয়েও সহায়তার হাত বাড়িয়ে দিয়েছে, ভারতকে বিশ্বস্ত বন্ধু এবং বিশ্বব্যাপী সংকটের সময়ে প্রথম প্রতিক্রিয়াশীল করে তুলেছে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

০০০০০০০০০০০০০০০০০০

শারদোৎসবের আজ মহানবমী। উৎসবের অন্তিম দিন।

(ঢাক)

সকাল থেকেই মণ্ডপে মণ্ডপে নবমী বিহিত পূজার্চনা সম্পন্ন হয়েছে। সাধক কমলাকান্তের গানের মতই ভক্তদের হৃদয়ে আজ বিষাদের সুর " যেওনা রজনী আজি লয়ে তারা দলে" ।

নবরাত্রির অন্তিম দিনে, দেবী আজ সিদ্ধিদাত্রীরূপে পূজিতা হচ্ছেন । ন'দিন ধরে মাতা পার্বতীকে বিভিন্নরূপে পূজা করার পর আমাদের লক্ষ্য, আমাদের যাত্রা আজ সিদ্ধির পথে। দেবী তাই সিংহবাহিনী, চতুর্ভূজা, বরাভয়দায়িনী, সিদ্ধিদাত্রী।

কৃত্তিবাসী রামায়ণে এদিনেই শ্রীরামচন্দ্রের সিদ্ধিলাভ। আগামীকাল বিজয়া দশমী তিথিতে অসুর বিনাস হবে।

ঐতিহ্য মেনে বিশুদ্ধ পঞ্জিকা মতে পুজো দেখতে দূর দূরান্ত থেকে বহু দর্শনার্থী সমবেত হয়েছেন বেলুড় মঠে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট –কাশফিন)

দুর্গোৎসবের শেষ দিনে কলকাতা সহ জেলার পুজো মন্ডপগুলিতে সকাল থেকেই চলছে, প্রতিমা দর্শনের পালা। বৃষ্টি উপেক্ষা করেই ভীড় জমাচ্ছেন মানুষ ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মধ্য বঙ্গোপসাগরের সৃষ্ট নিম্নচাপটি, সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হয়েছে। আগামী ১২ ঘণ্টায় সেটি আরও ঘনীভূত হয়ে গভীর নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা। আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান, ডক্টর হবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন, এর প্রভাবে আগামী রবিবার ৫ তারিখ পর্যন্ত রাজ্যে হালকা থেকে মাঝারি এবং কোথাও কোথাও ভারী বৃষ্টি হতে পারে।

(বাইট – হবিবুর)

দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজ বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ রয়েছে।

উত্তরবঙ্গের ৫ টি জেলায় আগামীকাল থেকে বৃষ্টির পরিমাণ বাড়তে পারে।

উপকূলবর্তী এলাকায় ঝোড়ো হাওয়ার ফলে সমুদ্র উত্তাল থাকায় শনিবার চার তারিখ পর্যন্ত মৎস্যজীবীদের মাছ ধরতে যেতে নিষেধ করা হয়েছে।

আজ দুপুরে নিউটাউনে আকন্দকেশরী এলাকায় ঝড়ে একটি পুজো মন্ডপের তোরণ ভেঙে গাড়ির ওপর পড়লে সেটি ক্ষতিগ্রস্ত হয়। হতাহতের খবর নেই।

পশ্চিম মেদিনীপুরের ঘাটাল, বেলদা সহ বিভিন্ন স্থানে দুপুরের পর থেকেই ঝোড়ো হাওয়ার সঙ্গে শুরু হয়েছে বৃষ্টি। বেলদায় একটি পুজো মন্ডপে ওভারহেড গেট ভেঙে পড়েছে বলে খবর।

জলপাইগুড়ির মাল নদীতে আজ দুপুরে হড়পা বানে কাজ করতে গিয়ে সমস্যায় পড়েন নিরঞ্জনের ব্যবস্থাপনার দায়িত্বে থাকা কর্মীরা।

oooooooooooooooooooooooo